

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ১৩

সেপ্টেম্বর ১৮, ২০১৪
তারিখ :-----
আশ্বিন ০৩, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল ইসলামী শরীয়াহ্ ভিত্তিক তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ।

প্রিয় মহোদয়,

কৃষিজাতপণ্য প্রক্রিয়াকরণ, ক্ষুদ্র উদ্যোক্তা খাত এবং নবায়নযোগ্য জ্বালানী ও পরিবেশবান্ধব উদ্যোগ
অর্থায়নের নিমিত্তে ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য পুনঃঅর্থায়ন তহবিল গঠন প্রসংগে।

কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপন ও ক্ষুদ্র উদ্যোক্তা (নারী উদ্যোক্তাসহ) খাতে ইসলামী শরীয়াহ্ ভিত্তিক অর্থায়নের বিপরীতে সহায়তা প্রদানে এসএমইএসপিডি সার্কুলার নং-১ তারিখ অক্টোবর ২৯, ২০১৩ জারী করা হয়েছে। এছাড়া, এসিএসপিডি সার্কুলার নং-০৬/২০০৯ এবং এর ধারাবাহিকতায় জারীকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-০২ তারিখ জুলাই ০১, ২০১৩, জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০১ তারিখ মে ২০, ২০১৪ এবং জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০২ তারিখ আগস্ট ১৮, ২০১৪ এর মাধ্যমে কনভেনশনাল ব্যাংকগুলোর জন্য নবায়নযোগ্য জ্বালানী ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme) চালু রয়েছে। ইসলামিক ব্যাংকগুলোর বাংলাদেশ ব্যাংকে গচ্ছিত তারল্য এগুলোর বিধিবদ্ধ তারল্যের রক্ষণীয় মাত্রার চেয়ে বেশী মাত্রায় রয়েছে। এ উদ্বৃত্ত তহবিল অর্থনৈতিক কর্মকাণ্ডে লাভজনকভাবে সঞ্চালনের উদ্দেশ্যে এবং শিল্পায়নে বিশেষ করে কৃষিজাতপণ্য প্রক্রিয়াকরণ ও ক্ষুদ্র উদ্যোক্তা খাত এবং নবায়নযোগ্য জ্বালানী ও পরিবেশবান্ধব উদ্যোগ অর্থায়নে ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর সম্পৃক্ততা বৃদ্ধিকল্পে এসকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বাংলাদেশ ব্যাংকে রক্ষিত উদ্বৃত্ত অর্থ দ্বারা একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকে “Islamic Refinance Fund Account” নামক একটি হিসাব খোলা হয়েছে। উক্ত পুনঃঅর্থায়ন তহবিল পরিচালনায় নিম্নরূপ নীতিমালা অনুসৃত হবে :

১। সূচনা :

(ক) Islamic Refinance Fund Account এ বিনিয়োগ এবং এ থেকে অর্থায়ন শুধুমাত্র ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর জন্য উন্মুক্ত থাকবে।

(খ) এ তহবিলে ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর বিনিয়োগ এদের বিধিবদ্ধ তারল্য সংরক্ষণের আবশ্যিকতা বা Statutory Liquidity Requirement (SLR) পূরণযোগ্য সম্পদ হিসেবে বিবেচিত হবে।

(গ) এ তহবিল থেকে কৃষিজাতপণ্য প্রক্রিয়াকরণ, ক্ষুদ্র উদ্যোক্তা খাত এবং নবায়নযোগ্য জ্বালানী ও পরিবেশবান্ধব উদ্যোগ অর্থায়নে ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান পুনঃঅর্থায়ন যোগান পাবে।

২। তহবিল ও পুনঃঅর্থায়ন সুবিধার মেয়াদ :

(ক) ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো এ তহবিলে ৩ (তিন) মাস মেয়াদী নবায়নযোগ্য বিনিয়োগ করতে পারবে।

(খ) ক্রমিক ১(গ) অনুচ্ছেদে বর্ণিত খাতে অর্থায়নের বিপরীতে ৩ (তিন) মাস মেয়াদী পুনঃঅর্থায়ন প্রদান করা হবে যা সচল ও অশ্রেণীকৃত থাকা সাপেক্ষে মূল অর্থায়নের বিনিয়োগকাল পর্যন্ত নবায়নযোগ্য।

৩। মুনাফা/মার্ক-আপ আরোপ ও বন্টন :

(ক) এ তহবিল হতে পুনঃঅর্থায়ন যোগানের ওপর মুনাফার/মার্কআপের হার হবে আবেদনকারী ব্যাংক/প্রতিষ্ঠানের মুদারাবা সঞ্চয়ী হিসাবের বিদ্যমান মুনাফার হার অথবা পাঁচ (০৫) শতাংশ এর মধ্যে যেটি কম।

(খ) এ তহবিল থেকে অর্জিত সম্পূর্ণ মুনাফা তহবিল যোগানদাতা ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানগুলোর মধ্যে তাদের বিনিয়োগ স্থিতির অনুপাত (Ratio) অনুযায়ী বন্টন করা হবে। বাংলাদেশ ব্যাংক তহবিলটি পরিচালনা করলেও তহবিল থেকে কোন মুনাফা/আয় অর্জন করবে না।

৪। তহবিল ও পুনঃঅর্থায়ন পরিচালনা :

(ক) ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো থেকে বিনিয়োগ গ্রহণ, তহবিল থেকে পুনঃঅর্থায়ন যোগানের হিসাবায়ন ও মুনাফা বন্টন সংক্রান্ত কার্যাবলী বাংলাদেশ ব্যাংকের মতিবিল অফিস থেকে সম্পাদিত হবে।

(খ) কৃষিজাতপণ্য প্রক্রিয়াকরণ ও ক্ষুদ্র উদ্যোক্তা খাতের পুনঃঅর্থায়ন মঞ্জুরীর ও প্রাসঙ্গিক ব্যবস্থাপনার কার্যক্রম বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট থেকে পরিচালিত হবে।

(গ) নবায়নযোগ্য জ্বালানী ও পরিবেশবান্ধব উদ্যোগ পুনঃঅর্থায়ন মঞ্জুরীর ও প্রাসঙ্গিক ব্যবস্থাপনার কার্যক্রম গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট থেকে পরিচালিত হবে।

৫। পরিশোধসূচী ও আদায় :

(ক) বাংলাদেশ ব্যাংক থেকে উত্তোলিত পুনঃঅর্থায়ন যোগান প্রতি ত্রৈমাসিক অন্তর মুনাফাসমেত পরিশোধ্য হবে, তবে মূল অর্থায়নের বিনিয়োগকাল পর্যন্ত এর বিপরীতে পুনঃঅর্থায়ন ত্রৈমাসিকমেয়াদে পুনঃউত্তোলনযোগ্য থাকবে।

(খ) বকেয়া অর্থ নির্ধারিত তারিখে পরিশোধিত না হলে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত চলতি হিসাব বিকলন করে তা সমন্বয় করা হবে।

পুনঃঅর্থায়ন তহবিল সংক্রান্ত উল্লিখিত শর্তাদির বিষয়ে বাংলাদেশ ব্যাংক সময় সময় প্রয়োজনীয় সংযোজন, বিয়োজন ও পরিমার্জন করতে পারে।

এ সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(চৌধুরী মোঃ ফিরোজ বিন আলম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২।